

## 💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় : হজ-উমরার আমলসমূহের সংক্ষিপ্ত ইতিহাস রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জামরায় কঙ্কর নিক্ষেপ

ইবন আব্বাস রা. থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«لَمَّا أَتَى إِبْرَاهِيمُ خَلِيلُ اللَّهِ عَلَيْهِ السَّلاَمُ الْمَنَاسِكَ عَرَضَ لَهُ الشَّيْطَانُ عِنْدَ جَمْرَةِ الْعَقَبَةِ فَرَمَاهُ بِسَبْعِ حَصَيَاتٍ حَتَّى سَاخَ فِي الأَرْضِ ثُمَّ عَرَضَ لَهُ عِنْدَ الْجَمْرَةِ الثَّانِيَةِ فَرَمَاهُ بِسَبْعِ حَصَيَاتٍ حَتَّى سَاخَ فِي الأَرْضِ ثُمَّ عَرْضَ لَهُ عِنْدَ الْجَمْرَةِ الثَّانِيَةِ فَرَمَاهُ بِسَبْعِ حَصَيَاتٍ حَتَّى سَاخَ فِي الأَرْضِ. قَالَ ابْنُ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: الشَّيْطَانَ تَرْجُمُونَ وَمِلةَ أَبِيكُمْ تَتَبِعُونَ».

'ইবরাহীম খলীলুল্লাহ আলাইহিস সালাম যখন হজের বিধি-বিধান আদায় করছিলেন। তখন জামরাতুল আকাবার কাছে তাঁর সামনে শয়তান উপস্থিত হল। তিনি শয়তানকে সাতিটি পাথর মারলেন। ফলে সে মাটিতে ঢুকে গেল। এরপর সে আবার দ্বিতীয় জামরায় উপস্থিত হল। তিনি আবার সাতিটি পাথর মারলেন। ফলে সে মাটিতে ঢুকে গেল। এরপর সে আবার তৃতীয় জামরায় উপস্থিত হল। তিনি আবার সাতিটি পাথর মারলেন। ফলে সে মাটিতে ঢুকে গেল। ইবন আব্বাস রা. বলেন, তোমরা শয়তানকে পাথর মারো আর তোমাদের পিতা ইবরাহীমের দীনের অনুসরণ কর।'[1]

তবে এটা মনে করা কখনো সমীচীন হবে না যে, বর্তমানে যারা পাথর নিক্ষেপ করছে তারা শয়তানকে আঘাত করছে; বরং আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অনুসরণ করেই আল্লাহর যিকরকে সমুন্নত রাখার জন্য কঙ্কর নিক্ষেপ করে থাকি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

« إِنَّمَا جُعِلَ الطَّوَافُ بِالْبَيْتِ وَبَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ وَرَمْىُ الْجِمَارِ لإِقَامَةِ ذِكْرِ اللَّه»

'বাইতুল্লাহ্র তাওয়াফ, সাফা-মারওয়ার মধ্যে সাঈ এবং জামরায় পাথর নিক্ষেপের বিধান আল্লাহর যিক্র কায়েমের উদ্দেশ্যে করা হয়েছে।'[2]

## ফুটনোট

[1]. সহীহুত-তারগীব ওয়াত-তারহীব : ৬৫১১।

[2]. তিরমিযী : ৯০২; জামেউল উলূম : ১৫০৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7460

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন